দৈনিক ইত্তেফাক

তারিখ 27 APR 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ...

## এসএসসিঃ ইংরেজী প্রথমপত্র পরীক্ষা

# সহস্রাধিক বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে ইংরেজী প্রথম পত্র পরীক্ষায় গতকাল (রবিবার) নকলের অভিযোগে রাতে প্রাপ্ত সর্বশেষ রিপোর্ট অনুযায়ী ১ হাজার ১২৫ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হইয়াছে। তন্মধ্যে ঢাকা বোর্ডে ২১১ জন

( ১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ )

### সহস্রাধিক বহিষ্কৃত

( ১ম পৃঃ পর )

রাজশাহী বোর্ডে ৪৯৮জন, কুমিল্লায় ৩৩৭ জন এবং যশোর বোর্ডে ৭৯ জন। রাজশাহী বোর্ডের লালমনির হাট, কুড়িগ্রাম ও জয়পুর হাটের বহিষ্কারের রিপোর্ট পাওয়া যায় নাই। ঢাকা বোর্ডের মাদারীপুরের শিবচর উপজেলায় ১জন শিক্ষককে বহিষ্কার এবং কুমিল্লা বোর্ডের কুমিল্লা জেলায় মুরাদনগর কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গের দায়ে ১জন বহিরাগতকে গ্রেফতার করা হইয়াছে। অন্য কোথাও হইতে গোলযোগের খবর পাওয়া যায় নাই।

ঢাকা বোর্ডের অধীন বিভিন্ন কেন্দ্রে বহিষ্কৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা হইতেছে; নরসিংদী ২৭ জন, মুন্সীগঞ্জ ৯ জন, মানিকগঞ্জ ১ জন টাঙ্গাইল ৬ জন, মাদারীপুর ২৪জন শরীয়তপুর ৮ জন, রাজবাড়ী ১ জন, ময়মনসিংহ ৫৮ জন, গোপালগঞ্জ ১৭ জন, কিশোরগঞ্জ ২৩, নেত্রকোনা ৬ জন, জামালপুর ১৬ জন ও শেরপুর ২ জন। তবে ঢাকা মহানগরীর কোন কেন্দ্র হইতে বহিষ্কারের খবর পাওয়া যায় নাই। রাজশাহী বোর্ডে জেলাওয়ারী ছাত্র-ছাত্রী বহিষ্কারের তালিকা হইতেছে, রাজশাহী জেলায় ২২ জন, নাটোরে ১৪ জন, নওগাঁয় ২৮ জন, পাবনায় ১০ জন, সিরাজগঞ্জে ৪৯ জন, বগুড়ায় ৭১ জন, রংপুরে ৬৪ জন, গাইবান্ধায় ৪৯ জন, নীলফামারীতে ১৮ জন, দিনাজপুরে ৯৫ জন. ঠাকুরগাঁও ২৫ জন, পঞ্চগড়ে ১৭ জন ও চাপাইনবাবগঞ্জে ৩৬ জন।

কুমিল্লা বোর্ডের বিভিন্ন কেন্দ্রে বহিষ্কৃত ছাত্র-ছাত্রীর তালিকা হইতেছেঃ কক্সবাজার ৪৬ জন, বান্দরবান ৮ জন, নোয়াখালী ৩৪ জন, ফেনী ৪২ জন, কুমিল্লায় ১১৮ জন, চাঁদপুরে ২৬ জন, সিলেটে ২৩ জন, মৌলভীবাজারে ১১ জন, হবিগঞ্জে ১৮ জন, সুনামগঞ্জে ১১ জন।

যশোর অফিস জানায়, গতকাল রবিবার যশোর শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষায় ইংরাজী প্রথম-পত্রে অসদুপায় অবলম্বনের দায়ে ১৭টি কেন্দ্র হইতে মোট ৭৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। তন্মধ্যে যশোর, কুষ্টিয়া এবং ঝিনাইদহ জেলা হইতে বহিষ্কৃতের সংখ্যা ৬৩ জন। আমাদের সংবাদদাতাগণ জানান, বরিশালের তিনটি কেন্দ্র হইতে ৫ জন, বাবুগঞ্জে ২ জন, বানরীপাড়ায় ২ জন, গৌরনদীতে ১ জন এবং বরগুনায় ১৫ জন ও পটুয়াখালীতে ১৬ জন, মীর্জাগঞ্জ হইতে ১ জন, কালিয়াকৈরের ৪ জন, দাউদকান্দিতে ১৬ জন, কুষ্টিয়ায় ২৭জন, ভাণ্ডারিয়া উপজেলায় ৭ জন, ফেনী কেন্দ্র হইতে ২০ জন, দাগনভুঁইয়া কেন্দ্র হইতে ৩ জন, সোনাগাজী হইতে ৪জন, ছাগলনাইয়া কেন্দ্র হইতে ৫ জন, পরশুরাম-১ কেন্দ্র হইতে ৯ জন এবং পরশুরাম-২ কেন্দ্র হইতে ১ জন, রংপুরের মিঠাপুর কেন্দ্র হইতে ১৮ জন, বদরগঞ্জে ১৭ জন; রংপুর কেন্দ্রে ১জন, গঙ্গাচড়ায় ৫ জন, তারাগঞ্জে ৮ জন, পীরগঞ্জে ৫ জন, পীরগাছায় ৮ জন, হারাগাছা কেন্দ্রে ২ জন।

কুষ্টিয়ার মিরপুর কেন্দ্র হইতে ৫ জন, খোকশায় ১ জন, ভেড়ামারায় ৪ জন, দৌলতপুরে ১৪ জন ও কুষ্টিয়া সদর কেন্দ্র হইতে ৩ জনকে বহিষ্কার করা হয়। ফরিদপুরের ৮টি কেন্দ্র হইতে ৩৫ জনকে বহিষ্কার করা হয়। তন্মধ্যে ভাঙ্গা কেন্দ্রে ১৪ জন, চরভদ্রাসনে ৫ জন, সদরে ৪ জন, নগরকান্দায় ৩ জন, মধুখালিতে ৩ জন, বোয়ালমারীতে ১ জন, আলফাডাঙ্গায় ৪ জন ও সদরপুরে ১ জন। কুমিল্লা জেলার ১২টি কেন্দ্র হইতে ১১৮ জন বহিষ্কৃত হয়। মুরাদনগরে একজন বহিরাগতকে গ্রেফতার করা হয়। নাকগাম হইতে ১৯, মুরাদনগর ১৪, চৌদ্দগ্রাম ৭, নাঙ্গলকোট ৫, বরুড়া ১২, বুড়িচং ৬, দেবীদ্বার ৫, চান্দিনা ২৫, ব্রাহ্মণপাড়া ৩, হোমনা ৪, দাউদকান্দি ১৬, কুমিল্লা ২ জন বহিষ্কৃত। নরসিংদীর মনোহরদী কেন্দ্র হইতে ১২ জন, নরসিংদী হইতে ১০ জন, পলাশ হইতে ২ জন, রায়পুরা হইতে ২ জন ও বেলাব হইতে ১ জনকে বহিষ্কার করা হয়। মনোহরদী ও শিবপুর গার্লস হাই স্কুল কেন্দ্রে ব্যাপক হারে নকল হয়। নকল হওয়ার সংবাদ পাইয়া এই সংবাদদাতা শিবপুর গার্লস হাইস্কুল কেন্দ্রে খবর সংগ্রহ করিতে গেলে কর্তব্যরত ম্যাজিষ্ট্রেট হলে ঢুকিতে দেন নাই।

গাজীপুর সংবাদদাতা ॥ গতকাল (রবিবার) এসএসসি পরীক্ষার ৩য় দিনে জেলার ৫টি কেন্দ্র হইতে ২৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।